



ভোটার নিরাপত্তায় সর্বোচ্চ ব্যবস্থা নেওয়া হবে: সিইসি



সংগৃহীত ছবি

আসন্ন নির্বাচন ঘিরে ভোটারদের নিরাপদে কেন্দ্রে আসা ও শান্তিপূর্ণভাবে ভোট দেওয়ার পরিবেশ নিশ্চিত করতে প্রয়োজনীয় সব পদক্ষেপ নেওয়া হবে বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিন।

রোববার (২৫ জানুয়ারি) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন কমিশন ভবনে নির্বাচন ও গণভোট প্রসঙ্গে কূটনীতিকদের ব্রিফিং শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন তিনি। সিইসি জানান, ভোটারদের নিরাপত্তা নিশ্চিত করাই কমিশনের প্রধান অগ্রাধিকার। নির্বাচন সংক্রান্ত প্রস্তুতির বিভিন্ন দিক তুলে ধরলে বিদেশি প্রতিনিধি ও কূটনীতিকরা সন্তোষ প্রকাশ করেন।

তিনি আরও বলেন, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন নিয়ে বিভিন্ন দেশের রাষ্ট্রদূতদের সঙ্গে ফলপ্রসূ আলোচনা হয়েছে। উৎসবমুখর পরিবেশে নাগরিকরা যেন নির্বিঘ্নে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেন, সে লক্ষ্যেই কমিশন কাজ করছে।

এর আগে, সকাল ১০টায় গুলশানের ওয়েস্টিন হোটেলের বলরুমে বাংলাদেশে অবস্থানরত বিভিন্ন দেশের দূতাবাস ও মিশনের কূটনীতিকদের সঙ্গে আসন্ন জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ নিয়ে বৈঠক করে নির্বাচন কমিশন।